



রংপুর সিটি কর্পোরেশনের উদ্যোগে জাইকার-সিফোরসির সহায়তায় "জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় সকলের জন্য নিরাপদ খাদ্য" শীর্ষক স্কুল পর্যায়ে রচনা প্রতিযোগিতা ২০১৯ শুরু-

উপরোক্ত মূল প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে রংপুর সিটি কর্পোরেশনের উদ্যোগে এবং জাইকা-সিফোরসি প্রকল্পের সহায়তায় রংপুরের ৪টি উচ্চ বিদ্যালয়ে "স্কুল রচনা প্রতিযোগিতা ২০১৯" গত ২৬ অক্টোবর ২০১৯ থেকে পর্যায়ক্রমে শুরু হয়েছে।

নির্বাচিত স্কুলগুলোতে যেসব তারিখে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, সেগুলো হলো- বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়, (২৬ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত), পুলিশ লাইন্স স্কুল এ্যান্ড কলেজ, ২৯ অক্টোবর ২০১৯, দুপুর ১২:১০ ঘটিকা, সালেমা বালিকা উচ্চ বিদ্যালয়, ৩ নভেম্বর ২০১৯ সকাল ১১:০০ ঘটিকা এবং সেনপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয় ৬ নভেম্বর ২০১৯।

এর আগে সকাল ১১ ঘটিকার দিকে বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়ে এ বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এসময় রংপুর সিটি কর্পোরেশনের শিক্ষা শাখার প্রধান জনাব মাহাবুবার রহমান, বিদ্যালয় পরিদর্শক দেবব্রত কুমার শর্মা, সিটি কর্পোরেশনের স্টাফ রকিবুল ইসলাম সাদ ও জাইকা-সিফোরসি প্রকল্পের সিটি গভর্ন্যান্স স্পেশ্যালিষ্ট ব্রজ কিশোর

ত্রিপুরা উপস্থিত থেকে রচনা প্রতিযোগিতার কার্যক্রম সম্পাদন করেন।
বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বিনতে-হোসাইন নাজনীন বানুর সার্বিক তত্ত্বাবধানে
এবং বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের সহায়তায় সফলভাবে রচনা
প্রতিযোগিতাটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।